DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৮ | আগষ্ট ২০২৫



**বাংলাদেশ জামায়াতে ইসলামী**
**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277




# মতিঝিল দক্ষিণ থানার আইডিয়াল ওয়ার্ড কর্মী সমাবেশ অনুষ্ঠিত



বাংলাদেশ জামায়াতে ইসলামী মতিঝিল দক্ষিণ থানার আইডিয়াল ওয়ার্ড কর্মী সমাবেশ ০১ জুলাই রাতে মতিঝিল দক্ষিণ থানা সাংগঠনিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। মতিঝিল দক্ষিণ থানা কর্মপরিষদ সদস্য ও আইডিয়াল ওয়ার্ড সভাপতি মো. হারুনুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য, ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর এবং ঢাকা-৬ আসনে মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী এডভোকেট ড. হেলাল উদ্দিন।






# উলামা ও পেশাজীবী বিভাগের কেন্দ্র ঘোষিত গণসংযোগ সপ্তাহ বাস্তবায়ন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

১ জুলাই ২০২৫




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্র ঘোষিত গণসংযোগ সপ্তাহ ৪-১২ জুলাই বাস্তবায়নের লক্ষ্যে উলামা ও পেশাজীবী বিভাগের উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

১ জুলাই, সন্ধ্যা ৭টায়, রাজধানীর কাটাবন মসজিদ কমপ্লেক্সে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ মোশারফ হোসাইন এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও ঢাকা-৬ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, ঢাকা মহানগরীর সহকারী সেক্রেটারি ডা. আব্দুল মান্নান।সভায় উপস্থিত উলামা ও পেশাজীবী নেতৃবৃন্দ সপ্তাহব্যাপী কর্মসূচিকে সফল করার প্রত্যয় ব্যক্ত করেন।



# চকবাজার পশ্চিম থানার উদ্যোগে ‘জুলাই অভ্যুত্থানে’ শহীদদের স্মরণে আলোচনা ও দোয়া অনুষ্ঠিত

১ জুলাই বাংলাদেশ জামায়াতে ইসলামী চকবাজার পশ্চিম থানার উদ্যোগে ইউনিট সভাপতি, সেক্রেটারি এবং সদস্য ও সদস্যপ্রার্থীদের নিয়ে আয়োজিত ‘জুলাই অভ্যুত্থানে’ শহীদদের জন্য দোয়া অনুষ্ঠিত হয়। থানা আমীর আবুল হোসেন রাজনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে আলোচনা ও দোয়া পরিচালনা করেন ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি এবং চকবাজার-বংশাল জোনের পরিচালক মোঃ দেলাওয়ার হোসেন।





# মহানগরীর উদ্যোগে “জুলাই – আগস্ট” গণ-অভ্যুত্থানে শহীদ ও আহত-পঙ্গুত্ব বরণকারীদের স্মরণে বিশেষ দোয়া অনুষ্ঠান

**১ জুলাই ২০২৫**




বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে “জুলাই – আগস্ট” গণ-অভ্যুত্থানে শহীদ ও আহত-পঙ্গুত্ব বরণকারীদের স্মরণে বিশেষ দোয়া অনুষ্ঠান ০১ জুলাই মহানগরীর হলরুমে অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ও সাবেক এমপি ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের।





**অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মহানগরী কর্মপরিষদ সদস্য মাওলানা ফরিদুল ইসলাম, অধ্যক্ষ নুর নবী মানিক, আব্দুর রহমান প্রমুখ।**

# ২ জুলাই ২০২৫

## জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ, আহত ও পঙ্গুত্ববরণকারীদের স্মরণে ঢাকা-৫ আসনে দরিদ্র, অসহায়, দুস্থ ও ইয়াতিমদের মাঝে খাবার বিতরণ




জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ, আহত ও পঙ্গুত্ববরণকারীদের স্মরণে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ঢাকা-৫ আসন (যাত্রাবাড়ী-ডেমরা-কদমতলীর একাংশ) এর উদ্যোগে যাত্রাবাড়ী থানার শহরপল্লী কেন্দ্রীয় জামে মসজিদ এতিমখানায় দরিদ্র, অসহায়, দুস্থ ও ইয়াতিমদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।






এছাড়াও উপস্থিত ছিলেন যাত্রাবাড়ী পূর্ব থানার নায়েবে আমীর আতিকুর রহমান চৌধুরী, এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব জনাব শাহাবুদ্দিন খান, আব্দুল আওয়াল, মসজিদের সম্মানিত খতিব মুফতি মোখলেসুর রহমান, মাদ্রাসার শিক্ষক মণ্ডলী এবং অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ।



## ২ জুলাই ২০২৫

# হাসপাতালে চিকিৎসাধীন মাওলানা মুজাহিদের শয্যাপাশে মহানগরী নায়েবে আমীর আব্দুস সবুর ফকির



অসুস্থ হয়ে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন যাত্রাবাড়ী পূর্ব থানার নায়েবে আমীর মাওলানা মুজাহিদুল ইসলামের শয্যাপাশে ছুটে যান বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর জনাব আব্দুস সবুর ফকির।



এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন এডভোকেট শাফিউল আলমসহ অন্যান্য জামায়াত নেতৃবৃন্দ। মহানগরীর নায়েবে আমীর মাওলানা মুজাহিদুল ইসলামের চিকিৎসার সার্বিক খোঁজখবর নেন এবং তার দ্রুত আরোগ্য কামনায় মহান আল্লাহ রাব্বুল আলামিনের কাছে দোয়া করেন।

# ২ জুলাই ২০২৫



# জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী স্মরণে ইয়াতিম, দরিদ্র, অসহায় ও দুস্থদের মাঝে খাবার বিতরণ

২ জুলাই রাজধানীর একটি মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে 'জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান'-এর প্রথম বার্ষিকী স্মরণে ইয়াতিম, দরিদ্র, অসহায় ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।







২ জুলাই রাজধানীর একটি মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে 'জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান'-এর প্রথম বার্ষিকী স্মরণে ইয়াতিম, দরিদ্র, অসহায় ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মাওলানা শামছুর রহমান, মহানগরী মজলিসে শূরা সদস্য ও মতিঝিল দক্ষিণ থানা আমীর মাওলানা মুতাসিম বিল্লাহ, মহানগরী মজলিসে শূরা সদস্য মেজবাহ উদ্দিন প্রমুখ।





# জুলাই–আগস্ট গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উপলক্ষে সলিমুল্লাহ মুসলিম এতিমখানায় এতিমদের মাঝে খাবার বিতরণ

৩ জুলাই ২০২৫




বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা-৭ আসনের উদ্যোগে ০৩ জুলাই দুপুরে 'জুলাই–আগস্ট' গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উপলক্ষে ঐতিহ্যবাহী সলিমুল্লাহ মুসলিম এতিমখানায় এতিমদের মাঝে খাবার বিতরণ করা হয়।

ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও ঢাকা-৭ আসনের নির্বাচন পরিচালনা কমিটির পরিচালক জনাব আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত খাবার বিতরণ পূর্বক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি জনাব দেলাওয়ার হোসেন এবং ঢাকা-৭ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, এফবিসিসিআই-এর সাবেক পরিচালক হাফেজ হাজী এনায়েত উল্লাহ।









## জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের স্মরণে ধানমণ্ডিতে জামায়াতে ইসলামী আয়োজিত খাদ্য বিতরণ কর্মসূচি

জামায়াতে ইসলামীর ধানমণ্ডি জোনের সহকারী পরিচালক শেখ শরীফ উদ্দিনের সঞ্চালনায় এবং জোন পরিচালক অধ্যাপক নূরনবী চৌধুরী মানিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদের অন্যতম সদস্য, বাংলাদেশ ল'ইয়ার্স কাউন্সিলের কেন্দ্রীয় সভাপতি এবং ঢাকা-১০ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অ্যাডভোকেট মো. জসিম উদ্দিন সরকার।

# রাজধানীতে ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণের থানা ও বিভাগীয় দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

## ৩ জুলাই ২০২৫






বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণের যৌথ উদ্যোগে ৩ জুলাই সন্ধ্যায় রাজধানীর কাকরাইলস্থ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস ইনস্টিটিউশনের কাউন্সিল হলে আগামী ১৯ জুলাই জাতীয় সমাবেশ বাস্তবায়ন উপলক্ষে থানা ও বিভাগীয় দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মোঃ নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান ও এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের আমীর মোঃ সেলিম উদ্দিন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইন এবং বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম।




## ৪ জুলাই ২০২৫

# যাত্রাবাড়ী মধ্য থানার উদ্যোগে বাছাইকৃত অগ্রসর কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত









বাংলাদেশ জামায়াতে ইসলামী যাত্রাবাড়ী মধ্য থানার বাছাইকৃত অগ্রসর কর্মী শিক্ষা শিবির ০৪ জুলাই স্থানীয় অগ্রদূত বিদ্যানিকেতন স্কুলের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। থানা আমীর এডভোকেট এ কে আজাদ খানের সভাপতিত্বে ও থানা সেক্রেটারী মাওলানা ইমাম হোসাইনের পরিচালনায় অনুষ্ঠিত শিক্ষা শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শুরা সদস্য ও মহানগরীর নায়েবে আমীর আব্দুস সবুর ফকির।

# ৯ জুলাই ২০২৫

# প্রশিক্ষিত সমাজকর্মীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত







বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ৯ জুলাই রাতে প্রশিক্ষিত সমাজকর্মীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মহানগরীর হলরুমে পল্টন থানা আমির ও মহানগরীর সমাজকল্যাণ সম্পাদক শাহীন আহমেদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।




মহানগরীর মজলিসে শূরা সদস্য মাওলানা হাফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি যথাক্রমে দেলাওয়ার হোসেন ও ড. আব্দুল মান্নান।

# ৯ জুলাই ২০২৫

## ১৯ জুলাইয়ের জাতীয় সমাবেশ বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভা




বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ৯ জুলাই রাতে আসন্ন ১৯ জুলাই ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিতব্য জাতীয় সমাবেশ বাস্তবায়নের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। মহানগরীর হলরুমে পল্টন থানা আমির ও মহানগরীর সমাজকল্যাণ সম্পাদক শাহীন আহমেদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।





মহানগরীর মজলিসে শূরা সদস্য মাওলানা হাফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি যথাক্রমে দেলাওয়ার হোসেন ও ড. আব্দুল মান্নান।




# ঢাকা-৪ সংসদীয় এলাকার ইসলামী ছাত্র শিবিরের সদস্য ও সাথীদের নিয়ে মতবিনিময়





১৯ জুলাই ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিতব্য জাতীয় সমাবেশ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা-৪ সংসদীয় এলাকার ইসলামী ছাত্র শিবিরের সদস্য ও সাথীদের নিয়ে এক মতবিনিময় সভা ১০ জুলাই রাতে তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও ঢাকা-৪ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী সৈয়দ জয়নুল আবেদীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি দেলাওয়ার হোসেন।

কদমতলী মধ্য থানা আমীর মো. মহিউদ্দিনের পরিচালনায় অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন ইসলামী ছাত্র শিবির ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি হেলাল উদ্দিন রুবেল এবং সেক্রেটারি দেলোয়ার হোসাইন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যাত্রাবাড়ী-শ্যামপুর থানা আমীর অধ্যক্ষ মাওলানা যাকীর হোসাইন, কদমতলী দক্ষিণ থানা আমীর ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান, কদমতলী পূর্ব থানা আমীর ইঞ্জিনিয়ার জসিম উদ্দিন।





১০ জুলাই ২০২৫

# ১৯ জুলাই জাতীয় সমাবেশ বাস্তবায়নে সহযোগিতা চেয়ে জামায়াতের প্রতিনিধি দলের ডিএমপির সঙ্গে বৈঠক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ৭ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৯ জুলাই ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশ অনুষ্ঠিত হবে। সর্বকালের সর্ববৃহৎ এ সমাবেশ বাস্তবায়নে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরের নেতৃত্বে ৫ সদস্যের একটি প্রতিনিধি দল।




## জুলাই বিপ্লবের বর্ষপূর্তিতে শহীদ পরিবার ও আহতদের সাথে খিলগাঁও, সবুজবাগ ও মুগদা জামায়াতের মতবিনিময় অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের খিলগাঁও ও সবুজবাগ-মুগদা জোনের যৌথ উদ্যোগে জুলাই বিপ্লবের বর্ষপূর্তি উপলক্ষে ১০ জুলাই ২০২৫ ইং বৃহস্পতিবার রাজধানীর একটি চাইনিজ রেস্টুরেন্টে শহীদ পরিবার ও আহত-পঙ্গুত্ববরণকারীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর জননেতা আব্দুস সবুর ফকির। কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য, সবুজবাগ-মুগদা জোন পরিচালক ড. মোবারক হোসেনের সভাপতিত্বে সভায় বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের সম্মানিত সহ-সভাপতি ও জামায়াত মনোনীত ঢাকা-৯ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী কবির আহমদ।

## ১১ জুলাই ২০২৫




# ডেমরায় ১৯ জুলাইয়ের জাতীয় সমাবেশের স্বপক্ষে মিছিল ও পথসভা অনুষ্ঠিত

## ১২ জুলাই ২০২৫




মিটফোর্ডে বর্বরোচিত হত্যাকাণ্ডসহ **সারাদেশে খুন, ধর্ষণ, সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে** এবং দোষীদের গ্রেপ্তার করে বিচারের দাবিতে রাজধানীতে **জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত।**

কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে ১২ জুলাই দুপুরে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেইটে বিক্ষোভ মিছিল পূর্ববর্তী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ও অবিভক্ত ঢাকা মহানগরীর সাবেক আমীর মাওলানা রফিকুল ইসলাম খান।

# ১২ জুলাই ২০২৫



১৯ জুলাই জাতীয় সমাবেশ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা মহানগরী দক্ষিণের পেশাজীবী প্রতিনিধি সম্মেলন ১২ জুলাই রাতে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল, সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল।











এছাড়াও সম্মেলনে মহানগরীর নেতৃবৃন্দসহ পেশাজীবী বিভাগের দায়িত্বশীল নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।




১২ জুলাই ২০২৫

# জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সাথে জামায়াতে ইসলামী'র মতবিনিময় সভা

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ (যাত্রাবাড়ী-ডেমরা অঞ্চল)-এর উদ্যোগে ১২ জুলাই সকালে জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর জননেতা আব্দুস সবুর ফকিরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান। বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জনাব মো. নূরুল ইসলাম বুলবুল।







যাত্রাবাড়ী মধ্য থানা আমীর অ্যাডভোকেট এ.কে আজাদের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ও ঢাকা-৫ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মোহাম্মদ কামাল হোসেন, ঢাকা-৫ আসনে জামায়াতে ইসলামীর নির্বাচন পরিচালনা কমিটির পরিচালক ও মহানগরীর কর্মপরিষদ সদস্য অধ্যাপক মোকাররম হোসাইন খান, যাত্রাবাড়ী পশ্চিম জোনের পরিচালক ও মহানগরীর কর্মপরিষদ সদস্য সৈয়দ সিরাজুল হক।

# ১২ জুলাই ২০২৫




## ১৯ জুলাই জাতীয় সমাবেশ বাস্তবায়নের লক্ষ্যে ইউনিট দায়িত্বশীল সমাবেশ

১৯ জুলাই ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী বংশাল থানার ইউনিট দায়িত্বশীল সমাবেশ ১২ জুলাই রাতে অনুষ্ঠিত হয়েছে। থানা আমীর মো. মাহবুবুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ও চকবাজার-বংশাল জোনের পরিচালক দেলাওয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন চকবাজার-বংশাল জোনের সহকারী পরিচালক এস. এম. আহসান উল্লাহ।

# পল্টন থানা জামায়াতে ইসলামীর ইউনিট দায়িত্বশীল সম্মেলন অনুষ্ঠিত




১৯ জুলাই সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী পল্টন থানার ইউনিট দায়িত্বশীল সম্মেলন ১৩ জুলাই রাতে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের কাউন্সিল হলে অনুষ্ঠিত হয়। থানা আমির শাহীন আহমেদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল।



বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও মহানগরীর নায়েবে আমির অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও মহানগরীর সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।











**১৩ জুলাই ২০২৫**



# শ্যামপুর-কদমতলী জোনের উদ্যোগে জুলাই গণঅভ্যুত্থানে আহত ও শহীদ পরিবারের সাথে মতবিনিময় সভা

জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঘোষিত মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সোমবার সকালে শ্যামপুর-কদমতলী জোনের উদ্যোগে আহত ও শহীদ পরিবারের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ঢাকা-৪ আসনের সংসদ সদস্য প্রার্থী, শ্যামপুর-কদমতলী জোন ইনচার্জ ও ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য সৈয়দ জয়নুল আবেদীন।







প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমির আব্দুস সবুর ফকির।

অনুষ্ঠানটি পরিচালনা করেন যাত্রাবাড়ী-শ্যামপুর থানার আমির মুহাম্মদ যাকীর হুসাইন। সভায় আরও বক্তব্য রাখেন ৫৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পদপ্রার্থী ও কদমতলী পূর্ব থানার আমির ইঞ্জিনিয়ার জসিম উদ্দিন, শ্যামপুর-কদমতলী জোনের টিম সদস্য মো. জাকির হোসেন এবং শ্যামপুর দক্ষিণ থানা আমির কামরুল আহসান।




# জুলাই গণঅভ্যুত্থানে শ্রমিক অঙ্গনে আহত ও পঙ্গুত্ববরণকারী জুলাই যোদ্ধাদের সাথে মতবিনিময়







বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে জুলাই গণঅভ্যুত্থানে শ্রমিক অঙ্গনে আহত ও পঙ্গুত্ববরণকারী জুলাই যোদ্ধাদের সাথে এক মতবিনিময় সভা ১৪ জুলাই রাতে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি আব্দুস সালাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির, সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

১৯ জুলাই ২০২৫




# জামায়াতে ইসলামীর ঐতিহাসিক জাতীয় সমাবেশ অনুষ্ঠিত





অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণ, সকল গণহত্যার বিচার, প্রয়োজনীয় মৌলিক সংস্কার, জুলাই সনদ ও ঘোষণাপত্র বাস্তবায়ন, জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের পুনর্বাসন, পিআর পদ্ধতিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠান এবং এক কোটিরও বেশি প্রবাসীদের ভোট প্রদানের ব্যবস্থাসহ ৭ দফা দাবিতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে ১৯ জুলাই বেলা ২টায় রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশ অনুষ্ঠিত হয়।

## ২১ জুলাই ২০২৫



# উত্তরায় বিমান বিধ্বস্তে আহতদের দেখতে জাতীয় বার্ন ইউনিটে আমীরে জামায়াত ও সেক্রেটারি জেনারেলসহ নেতৃবৃন্দ

২১ জুলাই উত্তরায় একটি প্রশিক্ষণ বিমান নিয়ন্ত্রণ হারিয়ে মাইলস্টোন স্কুলে বিধ্বস্ত হয়। এতে অসংখ্য শিক্ষার্থী হতাহত হয়। ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারিতে চিকিৎসাধীন আহত সেসব অভিভাবক ও শিক্ষার্থীদের দেখতে ছুটে যান বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান ও সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

এ সময় তাঁদের সঙ্গে ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও মহানগরী উত্তরের আমীর মোহাম্মদ সেলিম উদ্দিন, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ডা. শফিকুল ইসলাম মাসুদ, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মো. দেলাওয়ার হোসেনসহ কেন্দ্রীয় ও মহানগরীর অন্যান্য নেতৃবৃন্দ।




# মাইলস্টোন স্কুলে বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত ও আহতদের জন্য ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের দোয়া অনুষ্ঠান

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ২২ জুলাই ২০২৫, মাইলস্টোন স্কুলে মর্মান্তিক বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত ও আহতদের জন্য এক দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরানা পল্টনস্থ ঢাকা মহানগরী দক্ষিণ কার্যালয়ে দুপুরে এই দোয়ার আয়োজন করা হয়।

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মো. দেলাওয়ার হোসেন।

৩০জুলাই ২০২৫




# মহানগরীর উদ্যোগে মাইয়্যেতের গোসল ও দাফন-কাফন প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে মঙ্গলবার রাতে মহানগরী কার্যালয়ের হলরুমে মাইয়্যেতের গোসল ও দাফন-কাফন প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। মহানগরীর সমাজকল্যাণ সম্পাদক ও পল্টন থানা আমীর শাহীন আহমেদ খানের সভাপতিত্বে এবং মহানগরীর মজলিসে শূরা সদস্য মাওলানা হাফিজুর রহমানের পরিচালনায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন প্রধান অতিথি কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

এতে ঢাকা-৬ এবং ঢাকা-৮ আসনের ১১০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেন তা’মিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মুফতি মাওলানা মহিউদ্দিন।

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৮ | আগষ্ট ২০২৫

প্রকাশনায়

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277